

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড
দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি (ইরেসপো)
পল্লী ভবন (৬ষ্ঠ তলা)
৫, কাওরানবাজার, ঢাকা-১২১৫
www.iresppw-brdb.gov.bd



স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪৯৩.১৪- ১৭৬

তারিখঃ ২৫/১০/২০২১ খ্রিঃ

অফিস আদেশ

জনাব জহিরুল ইসলাম, স্থায়ী ঠিকানা- পিতাঃ ইউনুস আলী খান, গ্রামঃ সরিষামুড়ী, পোঃ গৌরীচন্না, উপজেলাঃ বেতাগী জেলাঃ বরগুণা-কে বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড কর্তৃক পরিচালিত দরিদ্র মহিলাদের জন্য সমন্বিত পল্লী কর্মসংস্থান সহায়তা কর্মসূচি'তে হিসাব সহকারী হিসেবে দায়িত্ব পালনের জন্য স্মারক নং- ৪৭.৬২.০০০০.৯৬৬.০০.০২০.১৮-৭৯ তারিখঃ ০২/০৮/২০১৮ খ্রিঃ মূলে ইরেসপো প্রকল্প হতে চুক্তিভিত্তিক সাকুল্য বেতনে কর্মসূচি'তে স্থানান্তর করা হয়।

২। জনাব জহিরুল ইসলাম, হিসাব সহকারী-কে স্মারক নং ৫২৮ তারিখঃ ০৭/০১/২০২১ খ্রিঃ মূলে কলাপাড়া, পটুয়াখালী বদলিসহ আমতলী, বরগুণায় সপ্তাহে ২ দিন হিসাব সংক্রান্ত কার্যক্রম পরিচালনার জন্য অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়। কিন্তু বিগত ১৮/০১/২০২১ খ্রিঃ তারিখ কলাপাড়া, পটুয়াখালী যোগদানপূর্বক হিসাব সংক্রান্ত কার্যক্রম পরিচালনায় লিখিতভাবে অপারগতা প্রকাশ করে বিগত ১৬/০৩/২০২১ খ্রিঃ তারিখ হতে উক্ত উপজেলায় অননুমোদিতভাবে অনুপস্থিত ছিলেন।

৩। জনাব জহিরুল ইসলাম, হিসাব সহকারী-কে পরবর্তীতে স্মারক নং ৮০৫ তারিখঃ ২৮/০৬/২০২১ খ্রিঃ মূলে পিরোজপুর সদর বদলি করা হয় এবং ০৫/০৭/২১ খ্রিঃ তারিখ হতে স্বয়ংক্রিয়ভাবে বদলিকৃত কর্মস্থলে যোগদানের জন্য ছাড়পত্র প্রাপ্য হিসেবে গণ্য হবেন মর্মে নির্দেশনা দেয়া হয়। তদুপরি ১১২ দিন অতিবাহিত হওয়ার পরও তিনি বদলিকৃত কর্মস্থলে যোগদান করেন নি এবং এ সংক্রান্ত বিষয়ে তাকে ব্যাখ্যা তলব করা হলেও তিনি কোন জবাব প্রদান করেননি।


৪। জনাব জহিরুল ইসলাম, হিসাব সহকারী কর্তৃক কর্মরত উপজেলাসমূহে হিসাব সংক্রান্ত কার্যক্রম যথাযথভাবে পরিচালনা না করাসহ বরগুণা জেলার আমতলী উপজেলায় আর্থিক বিধি লঙ্ঘনপূর্বক অর্জিত আয় না থাকা সত্ত্বেও ৮৭১৯৮.০০ (সাতাশি হাজার একশত আটানব্বই) টাকা বেতনভাতা বাবদ নিজে উত্তোলনসহ উক্ত উপজেলায় কর্মরত কর্মকর্তা কর্মচারীদের বিপরীতে মোট ৪৯৬৫৮৯.০০ টাকা বেতনভাতা বাবদ উত্তোলনে সহযোগিতা করেন, যা সুস্পষ্টভাবে প্রমাণিত।

৫। উল্লেখ্য, সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী কোন কর্মচারী বিনা অনুমতিতে ৬০(ষাট) দিন বা তদূর্ধ্ব সময় কর্মস্থল হতে অনুপস্থিত থাকলে তিনি পলায়ন করেছেন মর্মে বিবেচিত হবেন। সে বিবেচনায় ১১২ দিন অতিবাহিত হওয়ার পরও বদলিকৃত কর্মস্থলে যোগদান না করায় সুস্পষ্টভাবে প্রতীয়মান হয় তিনি কর্মস্থল হতে পলায়ন করেছেন।

এমতাবস্থায়, জনাব জহিরুল ইসলাম, হিসাব সহকারী বিগত ০৫/০৭/২১ খ্রিঃ তারিখ হতে ১১২ দিন অতিবাহিত হওয়ার পরও বদলিকৃত কর্মস্থলে যোগদান না করায় সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ অনুযায়ী কর্মস্থল হতে পলায়ন করেছেন মর্মে বিবেচনা করাসহ কর্মরত উপজেলা সমূহে আর্থিক বিধি বিধান অনুযায়ী হিসাব সংক্রান্ত কার্যক্রম পরিচালনা না করা এবং আর্থিক বিধি বিধান লঙ্ঘন করে আমতলী, বরগুণা উপজেলায় অর্জিত আয় না থাকা সত্ত্বেও ৮৭১৯৮.০০ (সাতাশি হাজার একশত আটানব্বই) টাকা বেতনভাতা বাবদ নিজে উত্তোলনসহ উক্ত উপজেলায় কর্মরত

কর্মকর্তা কর্মচারীদের বিপরীতে মোট ৪৯৬৫৮৯.০০ টাকা বেতনভাতা বাবদ উত্তোলনে সহযোগিতা করায় কর্মসূচি'তে স্থানান্তর আদেশের ২(ঘ) ও ২(ঙ) শর্তানুযায়ী তাঁর সাথে সম্পাদিত চুক্তি বাতিলপূর্বক কর্মসূচি'র চুক্তিভিত্তিক নিয়োগ হতে অব্যাহতি প্রদান করা হলো। এছাড়া বর্ণিত হিসাব সহকারী কর্তৃক অর্জিত আয় না থাকা সত্ত্বেও বেতনভাতা বাবদ গৃহীত ৮৭১৯৮.০০ (সাতাশি হাজার একশত আটানব্বই) টাকা আগামী ৩০/১১/২০২১ খ্রিঃ তারিখের মধ্যে সংশ্লিষ্ট হিসাবে জমা প্রদানের জন্য বলা হলো। নির্ধারিত সময়ের মধ্যে উক্ত সরকারী অর্থ জমা প্রদানে ব্যর্থ হলে তাঁর বিপরীতে জমাকৃত গ্র্যাচুইটি হতে ৮৭১৯৮.০০ (সাতাশি হাজার একশত আটানব্বই) টাকা পরিশোধযোগ্য হবে।

মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে কর্মসূচি'র স্বার্থে এ আদেশ জারি করা হলো।


মোহাম্মদ রাশেদুল আলম
কর্মসূচি পরিচালক

স্মারক নং ৪৭.৬২.০০০০.৯৬১.০০.৪৯৩.১৪-৯৭৬


তারিখঃ ২৫/১০/২০২১ খ্রিঃ

অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নম্বরে) :

১. জনাব জহিরুল ইসলাম, হিসাব সহকারী, ইরেসপো, বিআরডিবি (পিরোজপুর সদর উপজেলায় বদলি আদেশপ্রাপ্ত)।
স্থায়ী ঠিকানা- পিতাঃ ইউনুস আলী খান, গ্রামঃ সরিষামুড়ী, পোঃ গৌরীচন্না, উপজেলাঃ বেতাগী জেলাঃ বরগুণা
২. সহকারী পল্লী উন্নয়ন কর্মকর্তা, ইরেসপো, বিআরডিবি, উপজেলাঃ কলাপাড়া/আমতলী/সদর, জেলাঃ পটুয়াখালী/ বরগুণা/ পিরোজপুর।
৩. উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, উপজেলাঃ কলাপাড়া/আমতলী/সদর, জেলাঃ পটুয়াখালী/ বরগুণা/ পিরোজপুর।
৪. প্রোগ্রামার, ইরেসপো, বিআরডিবি, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৫. উপপরিচালক, বিআরডিবি, জেলাঃ পটুয়াখালী/ বরগুণা/ পিরোজপুর।
৬. অফিস নথি/ব্যক্তিগত নথি।

সদয় অবগতির জন্য :

১. মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা।
২. পরিচালক (সরেজমিন) মহোদয়ের একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।


মুহাম্মদ মাহবুব আলম
উপপ্রকল্প পরিচালক